সিএও/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	
সি এ ও	
এ এন্ড এ ও	
সুপার	
অডিটর	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৯.০০৯.১৬-২৫৬ তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিস্টাব্দ

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের "জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের হিসাব খাত ৫-৪৪৩১-৫০০০ এর মূলধন খাতের উপখাত খাল/বিল/মরানদী পুনঃখনন (৭০৮১) খাতের স্কীম বাস্তবায়নের জন্য শ্রমিক মজুরি পরিশোধের জন্য অর্থ বরাদ্দ আদেশ।

সূত্রঃ
১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য পরিকল্পনা-৩ এর পত্র নং ৩৩.০০.০০০০.১৩৭.০০.০০৯-১৬/১২৪; তারিখ ০৯/০৮/২০১৬ খ্রি: ।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য পরিকল্পনা-৩ এর পত্র নং ৩৩.০০.০০০০.১৩৭.০০.০০৯-১৬/১২৫; তারিখ ০৯/০৮/২০১৬ খ্রি:।
৩. প্রকল্প পরিচালক, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৯.০০৯.১৬-২১২;তারিখ ১০/০৮/২০১৬ খ্রি:।
৪. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য পরিকল্পনা-৩ এর পত্র নং ৩৩.০০.০০০০.১৩৭.০০.০০৯.১৬/০৭, তারিখ ০৬/০২/২০১৭ খ্রিস্টাব্দ।
৫. প্রকল্প পরিচালক, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৯.০০৯.১৬-১২৬,তারিখ ৮/০২/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনায় ১ নং সূত্রস্থ পত্রের অনুমোদিত বিভাজন অনুযায়ী ২ নং ও ৪ নং সূত্রস্থ পত্রে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে রাজস্বখাতে ২৮৮.০০ লক্ষ ও মূলধন খাতে ২৩৩৭.০০ লক্ষ টাকাসহ মোট ২৬২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থের মূলধন খাতের ২৩৩৭.০০ লক্ষ টাকা হতে ৩ নং ও ৫ নং সূত্রস্থ পত্রে খাল-বিল/মরানদী পুনঃখনন (৭০৮১) উপখাতে ৯৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে খাল-বিল/মরানদী পুনঃখনন (৭০৮১) বাবদ মাঠ পর্যায়ে মোট ৫২৭.৩৭৫ লক্ষ টাকা বরাদ্দ করার পর ৪৪৭.৬২৫ লক্ষ টাকা অবশিষ্ট থাকে। উক্ত অবশিষ্ট অর্থ হতে নিম্নবর্ণিত স্কীমটি বাস্তবায়নে ২য় কিস্তির অর্থ পরিশোধের জন্য সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা নেত্রকোনার অনুকূলে মোট ১১.২৫ (এগার লক্ষ পচিঁশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করার পর নিম্নস্বাক্ষরকারীর নিকট উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ৪৩৬.৩৭৫ লক্ষ টাকা অবশিষ্ট রইল।

শর্তাবলিঃ

১. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী জেলা মৎস্য কর্মকর্তা প্রতিটি স্কীমের বিপরীতে অনুমোদিত মোট অর্থের ২৫% অর্থ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর হতে অগ্রিম উত্তোলন করে কাজ শুরু করবেন। গৃহীত অগ্রিমের ৭৫% খরচের পর পরবর্তী অগ্রিম গ্রহণ করতে হবে। কাজ সমাপ্তির পর চূড়ান্ত পরিমাপ গ্রহণ করে ভাউচারসমূহ সমন্বয় সাপেক্ষে চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে। প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী চেকের মাধ্যমে সকল অর্থ পরিশোধ করতে হবে।
২. এক স্কীমের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কোন ক্রমেই অন্য স্কীমে খরচ করা যাবে না।
৩. অনুমোদিত স্কীমের অনাপত্তিপত্র জলাশয়ের মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা যাবে। অনাপত্তি ছাড়া কোন স্কীমের কাজ শুরু করা যাবে না।
৪. বাস্তবায়ন নীতিমালার ১২ অনুচ্ছেদ অনুযায়ী এলসিএস গঠন করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। এলসিএস ছাড়া কোন ব্যক্তির নামে স্কীমের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড় করা যাবে না।
৫. কোন স্কীমের কাজ বাস্তবায়ন সম্ভব না হলে যত দ্রুত সম্ভব তা প্রকল্প সদর দপ্তরে অবহিত করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ বরাদ্দকৃত অর্থ সমর্পণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ খরচ সম্ভব না হলে সমুদয় অর্থ কোড নং ১-৪৪৩১-০০০১-২৬৭১ এ ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করতে হবে।
৬. অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী প্রতি ঘনমিটার মাটি পুনঃখনন কাজের জন্য ১২৪.৪৭ (একশত চব্বিশ টাকা সাতচল্লিশ পয়সা) টাকা হিসেবে সম্পাদিত মাটি খনন কাজের পাওনা পরিশোধ করতে হবে এবং একই খরচে লেভেলিং, ড্রেসিং, টার্ফিং ও পানি সেচ এর কাজ সম্পন্ন করতে হবে। এল সি এস এর সম্পাদিত কাজের বিল হতে সরকারি বিধি মোতাবেক VAT, IT ইত্যাদি কর্তন করতে হবে।
৭. বাস্তবায়ন নীতিমালা মোতাবেক এল সি এস কর্তৃক সাইনবোর্ড তৈরিপূর্বক স্কীমের পাশে স্থাপন করতে হবে।
৮. আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে স্কীম বাস্তবায়নের বিষয়ে সকল আর্থিক দায়-দায়িত্ব সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা পালন করবেন।
৯. আর্থিক অপচয় রোধকল্পে সংশ্লিষ্ট জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা স্কীমগুলোর সার্বিক তদারকি নিশ্চিত করবেন।

এরপর পৃষ্ঠা- ২

১০. স্কীমের খনন কাজ শুরুর পূর্বের ও পরের স্থিরচিত্র সংগ্রহপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

১১. বরাদ্দকৃত অর্থ কোনক্রমেই বেসরকারী বা ব্যক্তিমালিকানাধীন কোন স্কীম বাস্তবায়নের ব্যয় করা যাবে না।

১২. ২য় কিস্তির অর্থ ব্যয়ের সাথে সাথেই জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়ন গ্রহণ করে ৩য় কিস্তির (প্রয়োজন অনুসারে) অর্থ ছাড়ের জন্য প্রকল্প দপ্তরে চাহিদা প্রেরণ করতে হবে। এক কিস্তির টাকা পরিশোধের পর কাজের সন্তোষজনক অগ্রগতির প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তি কিস্তির অর্থ ছাড় করা যাবে।

১৩. ভবিষ্যতে অডিট নিস্পত্তির জন্য ব্যয় বিবরণীর যাবতীয় তথ্যাদি ১০ বছর পর্যন্ত জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

১৪. **বর্ণিত স্কীম বাস্তবায়নে কাজ সমাপ্তির সর্বশেষ সময়সীমা ৩১/০৩/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত।**

১৫. কাজ সমাপ্তির প্রতিবেদন এবং অর্থ সমন্বয়ের প্রয়োজনীয় কাগজপত্র ১০/০৪/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

১৬. বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে "পিপিআর ২০০৮" অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে।

ক্রঃ নং	বিভাগ	জেলা	উপজেলা	স্কীমের নাম	অনুমোদিত অর্থের পরিমাণ (লক্ষ টাকা)	কিস্তির সংখ্যা	বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকা)
১	ময়মনসিংহ	নেত্রকোনা	বারহাট্টা	হিলচিয়া খাল পুন:খনন	৪৫.০০	২য় কিস্তি	১১,২৫,০০০.০০
				মোট	৪৫.০০		১১,২৫,০০০.০০

কথায়ঃ টাকা এগারো লক্ষ পচিঁশ হাজার মাত্র।

০৫/০৩/১৭

(মোঃ মনোয়ার হোসেন)
প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
Email: monwar.hossain@gmail.com
টেলিফোন: ০২-৯৫৮৮৭০৮

পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৯.০০৯.১৬-২৫৬/১(১৭) তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিস্টাব্দ

১. সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
২. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ,ময়মনসিংহ।
১০. জেলা প্রশাসক, নেত্রকোনা।
১১. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোনা।
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নেত্রকোনা।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, বরাহাট্টা, নেত্রকোনা।
১৪. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বরাহাট্টা, নেত্রকোনা।
১৫. সহকারী প্রকৌশলী, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
১৬. উপসহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নেত্রকোনা।
১৭. দপ্তর নথি। নং- নিঃরক্ষঃ/প্রঃ/মৎস্যশাখা/ ২৭ তারিখঃ ৭/৩/১৭

বরাবর,
১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক........................
২। জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার........................
৩।........................

যথাযথ আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক এই পৃষ্ঠাংকনের সঠিকতা নিশ্চিত করিয়া পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

০৫/০৩/১৭

(মোঃ মনোয়ার হোসেন)
প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
Email: monwar.hossain@gmail.com
টেলিফোন: ০২-৯৫৮৮৭০৮

অডিটর ৭/৩/১৭
মোঃ নাজমুল হুদা
অডিটর

সুপার ৭/৩/১৭
মোঃ দবির উদ্দিন হাওলাদার
এস.এ.এস. সুপারিনটেনডেন্ট

৭/৩/১৭
মোঃ [illegible]
নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কার্যালয়